দৈনিক সংবাদ

20

তারিখ 17 SEP 1998
পৃষ্ঠা ১ কলাম ৪

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে পুলিশী ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ১৬ই সেপ্টেম্বর।— চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ক্যাম্পাস এলাকায় চুরি, ডাকাতি, ছিনতাই, রাহাজানিসহ সকল প্রকার সন্ত্রাস নিরসনে পুলিশী ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত নিয়েছে। সিদ্ধান্ত অনুযায়ী ক্যাম্পাসের বিভিন্ন পয়েন্টে পুলিশ মোতায়েন ও সভা-সমাবেশ চলাকালে পুলিশী প্রহরা রাখা হবে।

গত বৃহস্পতিবার জেলা প্রশাসক ও পুলিশ কর্মকর্তার সঙ্গে উপাচার্য, ডীন, প্রক্টর ও ক্যাম্পাস নিরাপত্তা বাহিনী প্রধানের অনুষ্ঠিত বৈঠকে ক্যাম্পাস পরিস্থিতি নিয়ে আলোচনা করা হয়।

(শেষ পৃ: ৩-এর ক: দেখুন)

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

(১ম পাতার পর)

বৈঠকে ক্যাম্পাসের বিভিন্ন এলাকায় পুলিশী ব্যবস্থা জোরদার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুরোধে সভা-সমাবেশ চলাকালে শান্তি বিঘ্নিত বা সংঘর্ষের আশংকা দেখা দিলে পুলিশের ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ক্যাম্পাসের ভিতর পুলিশ ফাঁড়ি স্থাপনের বিষয়টি সিন্ডিকেট ও সিনেটের বৈঠকে আলোচনার পর চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন।

ক্যাম্পাসে কোন সংঘর্ষ বা ঘটনা ঘটার আশংকা দেখা দিলে পুলিশ যাতে ভিতরে প্রবেশ করতে পারে সে ব্যাপারে পুলিশ কর্মকর্তারা জোর দিলেও কর্তৃপক্ষ তাতে রাজী হননি বলে সূত্র জানায়।

### কারণ দর্শাও নোটিশ

গত ১৪ই আগষ্ট রাতে ছাত্রফ্রন্ট নেতা মাহবুবুর রহমানের ওপর অমানসিক নির্যাতন চালানোর অভিযোগে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ৩জন ছাত্রকে কারণ দর্শাও নোটিশ দিয়েছেন। অভিযুক্তরা শিবিরকর্মী।

### পত্রিকা স্টলে হামলা

ইসলামী ছাত্র শিবিরের সশস্ত্র কর্মীরা গত ১৪ই সেপ্টেম্বর রাতে ক্যাম্পাসে অবস্থিত পত্রিকার ষ্টলটিতে হামলা চালায় এবং লুটপাট করে। তারা পত্র-পত্রিকায় অগ্নিসংযোগ ও ষ্টল মালিক শফিকুল ইসলামকে বেদম প্রহার করে। গত ৩ দিন ধরে ও আজ সকালে শিবিরকর্মীরা ক্যাম্পাসে মিছিল বের করে ও শিক্ষা পরিবেশ পরিষদ গঠন বাতিলের দাবী জানায়।